

স্মারক নং-১৮.১৫.০০০০.০২০.১৮.০১৭.১৬-১৬
তারিখ : ০৩ সেপ্টেম্বর, ২০২০



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
Bangladesh Land Port Authority
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফ্যা ক্স: ৫৫০১৩৮২৮
www.bsbk.gov.bd

বিজ্ঞপ্তি

জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলাম, স্থায়ী ঠিকানা- আবদুল ওয়াহিদ মিয়ান বাড়ী, পিতা: মোহাম্মদ ওয়াহিদ, গ্রাম: ম্যাকপার্শান, ডাকঘর : সুখচর বাজার, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন বেনাপোল স্থলবন্দরে ওয়্যারহাউজ সুপারিনটেনডেন্ট পদে কর্মরত ছিলেন। তিনি গত ০৯-১১-২০১৭ হতে ১২-১১-২০১৭ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে কর্মস্থলে আর যোগদান করেননি অর্থাৎ ১৩/১১/২০১৭ তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকেন। তার এহেন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির জন্য বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ০২/০৮/২০১৮ তারিখের ১৮.১৫.০০০০.০২০.১৮.০১৭.১৬-৫৫৭ নং স্মারকে তার বিরুদ্ধে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০ এর (ক), (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে ‘দায়িত্ব পালনে অবহেলা’, ‘অসদাচরণ’ এবং ‘পলায়ন’ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তে দেখা যায়, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষের ০৪/১২/২০১৯ খ্রি: তারিখের ১৮.১৫.০০০০.০২০.১৮.০১৭.১৬-১২০৪ নং স্মারকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধি ৪০ এর (ক), (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে ‘দায়িত্ব পালনে অবহেলা’, ‘অসদাচরণ’ এবং ‘পলায়ন’ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই প্রবিধানমালার প্রবিধি ৪১ (১) (খ) (ই) মোতাবেক অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ গত ১৩/১১/২০১৭ তারিখ হতে জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলামকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরী হতে অপসারণ করা হয়।

জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলাম নামে এ কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে বা কর্তৃপক্ষের আওতাধীন কোনো স্থলবন্দরে অডিট অফিসার বা উপ-পরিচালক (অডিট) হিসেবে কেউ কর্মরত নেই। অথচ তিনি কর্তৃপক্ষের অডিট অফিসার আবার উপ-পরিচালক (অডিট) হিসেবে পরিচয় দিয়ে বিভিন্ন প্রকার লিখিত আবেদন, চিঠিপত্র এ কর্তৃপক্ষে এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দাপ্তরিক ইমেইলে প্রেরণ করেন। এতে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলাম এর এ ধরনের আচরণ ও কর্মকাণ্ডের বিষয়ে তেজগাঁও থানায় কর্তৃপক্ষের পক্ষ থেকে একটি সাধারণ ডায়েরি করা হয়েছে, যার নং-১২১৬, তারিখ : ২৬-০৮-২০২০ খ্রি:। তার এহেন অসংলগ্ন আচরণ ও মিথ্যা প্রচার-প্রচারণায় কেউ যেন বিভ্রান্ত না হন সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

০৩/০৯/২০২০
প্রদোষ শান্তি দাস
পরিচালক (প্রশাসন)
ফোন : ৫৫০১৩৮৩১